

ইভ্যালির ৬০/৪০ অফার বন্ধের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

২৪ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২৪ ফেব্রুয়ারি ২০২১ ০১:০৫



দেশীয় ই-কমার্স সাইট ইভ্যালিকে শর্তযুক্ত বিক্রয় বন্ধের নির্দেশ দিয়েছে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (বিসিসি)। নির্দেশটি আগামী ২৪ ফেব্রুয়ারি থেকে কার্যকর হবে। পাশাপাশি চূড়ান্ত নির্দেশ না দেওয়া পর্যন্ত এ আদেশ বহাল থাকবে। ইতোমধ্যে কমিশন থেকে এ সংক্রান্ত একটি নির্দেশনা ইভ্যালিতে পাঠানো হয়েছে।

জানা গেছে, গত সোমবার বিসিসি কার্যালয়ে দুপক্ষের গণশুনানি অনুষ্ঠিত হয়। সেখানে আলোচনা হয় ইভ্যালির ক্যাশব্যাক অফারের আওতায় ৬০/৪০ নামে শর্তযুক্ত যে অফার আছে, তা নিয়ে। শুনানি শেষে বিসিসি থেকে ওই অফার বন্ধে অন্তর্বর্তীকালীন আদেশ দেওয়া হয়। আদেশে বলা হয়- ইভ্যালির ক্যাশব্যাক অফারের কারণে বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তার হওয়ার আশঙ্কা রয়েছে বা বিস্তারের কারণ ঘটছে বা বাজারে মনোপলি অবস্থার সৃষ্টি হতে যাচ্ছে। এমতাবস্থায় প্রতিযোগিতা আইন, ২০১২-এর ধারা ৮-এর উদ্দেশ্যপূরণকল্পে কিছু তথ্য চিঠিপ্রাপ্তির ১৫ দিনের মধ্যে প্রদানের জন্য

তাদের নির্দেশ দেওয়া হলো। একই সঙ্গে এ ধরনের ক্যাশব্যাক অফারের সমন্বয়সংক্রান্ত সব বিক্রয়ব্যবস্থা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে।

বিসিসি চেয়ারপারসন মফিজুল ইসলাম বলেন, এর আগেও ইভ্যালি শর্তযুক্ত বিক্রি উঠিয়ে ফেলার কথা বলেছিল, কিন্তু তারা সেটা করেনি। তাই গণশুনানিতে এই অফার বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে।

ইভ্যালির ক্যাশব্যাক অফার হলো, যদি কেউ ১০০ টাকার পণ্য কেনেন, তা হলে তাকে সমপরিমাণ টাকা অথবা তার চেয়ে বেশি টাকা ফেরত দেওয়া হয়। ক্রেতা ক্যাশব্যাকের ওই টাকার ৬০ শতাংশ ব্যালেন্স থেকে খরচ করতে পারে। বাকি ৪০ শতাংশ নিজ থেকে খরচের শর্ত রয়েছে। বিসিসি বলছে, এ ধরনের শর্তযুক্ত অফার প্রতিযোগিতা আইনের বিরোধী।

ইভ্যালি ২০১৮ সালে নিবন্ধিত হয়। মূলত পণ্য কিনলেই অর্থ ফেরতের অস্বাভাবিক 'ক্যাশব্যাক' অফার দেওয়ার মতো বিতর্কিত বিপণন পদ্ধতির মাধ্যমেই ব্যবসা শুরু করে ইভ্যালি। ১০০ থেকে ১৫০ শতাংশ পর্যন্ত ক্যাশব্যাক অফার

দেওয়া হয়। অর্থাৎ ১০০ টাকার পণ্য কিনলে সমপরিমাণ বা তার চেয়ে বেশি অর্থ ফেরত দেওয়ার লোভনীয় এই অফারে হাজার হাজার গ্রাহক আকৃষ্ট হলেও লাভবান হচ্ছেন অল্পই। বেশিরভাগই থাকেন লাভবান হওয়ার অপেক্ষায়।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার ডৈনিক

আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy